দৈনিক বাংলা

050

তারিখ 4/10/78
পৃষ্ঠা 8 কলাম 4

# কাল থেকে জেলা পর্যায়ে শিক্ষা ওয়ার্কশপ

(স্টাফ রিপোর্টার)

বৃহস্পতিবার থেকে জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের উদ্যোগে বিভিন্ন জেলা পর্যায়ে শিক্ষা ওয়ার্কসপ অনুষ্ঠিত হবে।

গতকাল জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের একাদশ বৈঠকে জেলা শিক্ষা ওয়ার্কসপের বিস্তারিত বিবরণ জানানো হয়। গতকালও প্রাথমিক খসড়া রিপোর্ট নিয়ে আলোচনা হয় ও বিভিন্ন মতামত বিবেচনার পর যে সুপারিশসমূহ গৃহীত হয়েছে সেগুলি আগামী ১২ ও ১৩ই অক্টোবর ঢাকায় অনুষ্ঠিতব্য জাতীয় বিতর্কে আলোচিত হবে।

**জেলা ওয়ার্কসপ**

৫ই অক্টোবর ময়মনসিংহ, ঢাকা, কুমিল্লা, চট্টগ্রাম, পাবনা, রাজশাহী, রংপুর, যশোহর ও বরিশালে জেলা ভিত্তিক শিক্ষা ওয়ার্কসপ হবে।

৭ই অক্টোবর টাঙ্গাইল, ফরিদপুর, সিলেট, পার্বত্য চট্টগ্রাম, নোয়াখালী, বগুড়া কুষ্টিয়া, দিনাপুর, খুলনা ও পটুয়াখালীতে ওয়ার্কসপ হবে।